

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
রাজশাহী

www.fisheries.rajshahi.gov.bd

সেপ্টেম্বর ২০২২ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: মো: জাহাঙ্গীর আলম, জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী
তারিখ: ০৩ অক্টোবর ২০২২ খ্রি:
সময়: দুপুর ১২:০০ ঘটিকা
স্থান: সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, রাজশাহী

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর জেলার বিভিন্ন কার্যক্রমের ওপর বিষয় ভিত্তিক আলোচনায় উপস্থিত সকলে অংশগ্রহণ করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।


সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক' তে দেওয়া হলো।

ক্র.নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	APA কার্যক্রম ক) উন্মুক্ত জলাশয়ে পোনা অবমুক্তি বরাদ্দকৃত অর্থে উন্মুক্ত জলাশয়ে পোনা অবমুক্তি সম্পন্ন হলেও পুঠিয়া, মোহনপুর, গোদাগাড়ী, দুর্গাপুর ও বাঘা উপজেলায় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়নি। খ) প্রদর্শনী খামার স্থাপন রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় প্রদর্শনী খামার স্থাপনের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। সেপ্টেম্বর মাসের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত খালেও মোহনপুর উপজেলায় সম্পন্ন হয়নি।	ক) পোনা অবমুক্তি কার্যক্রম শতভাগ অর্জনে দ্রুত ব্যবস্থা গ্রহন করতে হবে। খ) বরাদ্দকৃত অর্থে প্রদর্শনী খামার স্থাপনে মোহনপুর উপজেলা দ্রুত ব্যবস্থা নিবেন। গ) এপিএ ত্রৈমাসিক প্রতিবেদন ১৫ অক্টোবরের মধ্যে এপিএএমএস app এ আপলোড দেওয়ার ব্যবস্থা নিতে হবে।	সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
২	মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২২ ৭-২৮ অক্টোবর এই অভিযান বাস্তবায়ন হবে। অভিযান সফলভাবে বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয়।	ক) টোল ফোর্স কমিটির সভা দ্রুত সম্পন্ন করতে হবে। খ) জেলে, মৎস্যজীবী, আড়ৎদার ও গণ্যমান্য ব্যক্তিগণকে নিয়ে মতবিনিময় সভা করতে হবে। গ) ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা নিতে হবে। ঘ) প্রতিবেদন ওয়েব সাইটের গুরুত্বপূর্ণ লিংকে স্থাপিত app এর মাধ্যমে দিতে হবে।	সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৩	মোবাইল কোর্ট পরিচালনাঃ সেপ্টেম্বর মাসের প্রতিবেদনে দেখা যায় বাগমারা ও দুর্গাপুর উপজেলায় ০১ টি করে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।	প্রতি উপজেলায় প্রতি মাসে অন্তত একটি মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৪	প্রদর্শনী খামার স্থাপনঃ রাজশাহী বিভাগে মৎস্য উন্নয়ন প্রকল্প ও এনএটিপি-২ প্রকল্পের আওতায় প্রদর্শনী স্থাপনে বরাদ্দ প্রদান করা হয়েছে।	যেহেতু সামনে শীতকাল। তাছাড়া এখন দেশীয় মাছের পোনার প্রাপ্যতা রয়েছে। তাই অক্টোবর মাসের মধ্যে বরাদ্দকৃত অর্থে প্রদর্শনী খামার স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।	সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)

৭.

ক্র.নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫	মৎস্য খাদ্য নমুনা পরীক্ষার প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা গ্রহণঃ প্রতিটি উপজেলা হতে দু'টি করে নমুনা পরীক্ষা করা হয়। যে সকল নমুনায় খাদ্য উপাদানের পরিমাণ কম রয়েছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। পবা ও দুর্গাপুর উপজেলার দু'টি খাদ্য প্রতিষ্ঠানের পত্র পাওয়া গেছে।	অন্য উপজেলা দ্রুত ব্যবস্থা গ্রহণ করে অত্র দপ্তরকে অবহিত করবেন।	সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৬	বার্ষিক প্রতিবেদন তৈরিঃ ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন তৈরির জন্য নতুন ফরমেট প্রেরণ করা হয়। প্রতিটি উপজেলা হতে প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদনটি বাঁধাই করে দপ্তরে সংরক্ষণ করা ও ওয়েব পোর্টালে আপলোড করার জন্য নির্দেশনা দেওয়া হয়।	১০ অক্টোবর ২০২২ খ্রি. এর মধ্যে প্রতিবেদনটি সুন্দর করে বাঁধাই করে দপ্তরে সংরক্ষণ করা ও ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।	সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৭	একটি ডিজিটাল সেবা চালু করণঃ ইতোমধ্যে "ডিজিটাল প্রোডাকশন প্লান ফরমেট" নামক একটি সফটওয়্যার তৈরি করে সকল দপ্তরে প্রেরণ করা হয়েছে। তা বাস্তবায়নে করণীয় বিষয়ে আলোচনা করা হয়।	প্রতিটি দপ্তরে রেজিষ্টার তৈরি করে প্রশিক্ষণে আগত চাষী ও পরামর্শ নিতে আগত চাষীদের উৎপাদন পরিকল্পনা তৈরি করে সরবরাহ করতে হবে ও রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।	-সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা -খামার ব্যবস্থাপক (সকল)
৮	ওয়েব পোর্টাল হালনাগাদকরণ ও ওয়েব মেইল ব্যবহার চালু করণঃ মহাপরিচালক মহোদয়ের দপ্তর হতে ওয়েব পোর্টাল হালনাগাদ করণ ও ওয়েব মেইল নিয়মিত ব্যবহার নিশ্চিত করণের তাগিদ প্রদান করা হয়েছে।	সকল দপ্তর প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।	-সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা -খামার ব্যবস্থাপক (সকল)
৯	মৎস্য খাদ্য তৈরিতে উপকরণ নির্বাচন ও তাতে আর্মিষের পরিমাণ নির্ধারণ app: মাঠ পর্যায়ে সেবা সহজীকরণের নিমিত্ত app টি তৈরি করা হয়েছে। এটি ব্যবহারের জন্য সকলকে অনুরোধ করা হয়।	প্রতিটি দপ্তরে রেজিষ্টার তৈরি করে প্রশিক্ষণে আগত চাষী ও পরামর্শ নিতে আগত চাষীদের উৎপাদন পরিকল্পনা তৈরি করে সরবরাহ করতে হবে ও রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।	-সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা -খামার ব্যবস্থাপক (সকল)
১০	বিবিধঃ অগ্রীম ভ্রমণসূচী ও মাসিক ভ্রমণভাতা সঠিক সময়ে প্রেরণ।	সকল দপ্তর প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।	-সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা -খামার ব্যবস্থাপক (সকল)

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: জাহাঙ্গীর আলম)

জেলা মৎস্য কর্মকর্তা

রাজশাহী

ফোন: ০২৫৮৮৮৬৩২৪৫

ই-মেইল:

dforajshahi@fisheries.gov.bd